আজ দূর্ভাগ্যবশত, কোনও ঘটনাচক্রে তোমার মনে দ্বিধা ও হতাশা এসেছ । চেষ্টা করবো তোমাকে অস্তিত্ববাদ সম্ভন্ধে কয়েকটা কথা বোঝাতে যাতে করে তুমি, আশা করি, 'দেখতে' পারবে তোমার মত কত অসংখ্য লোক জীবনের এইরকম দূরূহ অবস্থারপাকে পড়েছে । অস্তিত্ববাদের প্রেরণা তোমাকে এই গ্লানিময় জীবন থেকে নিস্তার পাওয়ার সুযোগ দিতে পারে । একটু মন দিয়ে শোনো, পড়ো—

--

কিছুদিন আগে এক বন্ধু আমাকে একটা ছোট্ট হলদে জবাফুলের গাছ উপহার দিয়েছিল । এতে আমার হৃদয়ের কানা কৃতজ্ঞতায় উপচে গিয়েছিল । তার কারণ জবার নামে প্রত্যেক হিন্দুর হৃদয় গলে গিয়ে চোখে জল হয়ে বেরোয় । জবার কি ভাগ্য—'মায়ের' পা শোভা করতে পারার জন্যে ।

তিনদিন আগে গাছটায় একটা ফুলের কুঁড়ি জন্মেছিল । গতকাল সেটা সুন্দর হয়ে সম্পূর্ণভাবে ফুটে উঠলো । আজ সকালে দেখি সেটা শুকিয়ে গেছে—মানে সে জবা আর নেই, যেটা আছে সেটা আর *জবা* নয় । আগামীকাল ওটা বোধহয় পড়ে যাবে । আমি তখন তাকে জঞ্জাল হিসেবে ফেলে দেবো ।

মেয়াদ বলে যে একটা কথা আছে এটা তার একটা ছোট উদাহরণ । বিশ্ব ব্রহ্মাণ্ডের সবকিছুর, বিশেষ করে সব জৈবিক বস্তুর একটা মেয়াদ আছে এবং তার সাথে আছে সবকিছুর মাপ । জন্মাবার সঙ্গেসঙ্গেই (আসলে, গর্ভকালীন অবস্থতাতেই) ঘড়ি চলতে শুরু করে । সেটা চলে যতক্ষণ না তার দম ফুরিয়ে যায় । দম দেওয়াটা কিন্তু কারুর হাতে নয় । বলতে পারো প্রত্যেক জীবের (গাছপালা জন্তু পতঙ্গ বীজানু) নিজের মধ্যে তার নির্ধারিত—অনেকটা জোতিষিদের কুষ্ঠির মত—বিকাশ করার সংকেত-পদ্ধতি লেখা (DNA) আছে । সেই অনুসারে তার জীবন গড়ে ও শেষ হয় । এটা একটা চলন্ত গাড়ীর মত, যাকে থামানো যায় না । হয়তো কিছুটা আস্তে বা জোরে চালানো যায় । সেটা খুব অল্প কিছু জীবের আয়ত্ত্বের মধ্যে আসে । কিন্তু বেশীরভাগ জীবই সেটা জানে না বা তার পাত্তা দেয় না । মোটকথা সেটা 'চলতিকা নাম গাড়ী' হয়েই থেকে যায় ।

যদিও ঐ মেয়াদের আওতায় ব্যপারে আমাদের (মানে মানুষ-জীবদের) কিছু করার নেই, তবুও এই মেয়াদের মধ্যেই আমরা নিজেদের লক্ষ্য ও চিন্তাধারা অনূসারে নিজেদের ব্যক্ত করি । অস্তিত্ববাদের (existentialism) মতে এই ব্যক্ত করাটা সম্পূর্ণ আমাদের হাতে । সেখানে **না-করার কোন অজুহাত নেই** এবং যেটা ব্যক্ত হয় তার পূরো দায়িত্ব আমাদের । বলতে পারো সেই ব্যক্ত করার আগে আমরা যেন সত্যিকারে কেউ নই বা আমাদের ঠিক কোন অস্তিত্ব নেই । নিজের নিজের অস্তিত্ত্ব ব্যক্ত করে আমরা নিজস্বভাবে জগতে 'ফুটে উঠি' এবং না করতে পারলে ফুঠি না । অবশ্যই ফুটেওঠার ব্যাপারে পারিপার্শিক অবস্থার অনেকটা প্রভাব আছে । তবে সেটা মোটামুটি 'দৈবাধিন'(random effect) । তার কারণ এই পারিপার্শিক অবস্থাগুলো অনেককিছুর জটিল সংমির্শণের ফল । ওপরওপর দেখতে গেলে এটা অনেকটা তাশ খেলার মত । একটা ভালভাবে মেশানো (shuffle করা) পক্ষপাতহীন (unbiased) তাশের প্যাকেট থেকে সকলকে তাশ বিতরণ করা হয় । কার হাতে কি তাশ আসবে, বলতেপারো, সেটা 'ভাগ্যের' ব্যাপার—কিছু করার নেই । সেই তাশের হাত নিয়েই আমাদের যতদূর সম্ভব নিখুঁতভাবে 'খেলতে' হয় । কিভাবে আমরা সেইহাত খেলি তারজন্যে একমাত্র আমরাই দায়ী থাকি । এই হলো অস্তিত্ববাদের উপক্রমণিকা ।

অস্তিত্ববাদ আধুনিকযুগের দর্শন । যদিও সূচনায় কির্কিগার্ড, ডস্টয়ভস্কি, হাইডেগার, সোপেনহাওয়ার, নীচি প্রভৃতি মূলতঃ জার্মান দার্শনিকদের চেতনা ও বিশ্লেষণই একে গড়েছে, পরে সেটা সাঁত্র, কাঁমু, গিডে প্রমূখ ফরাসী দার্শনিকদের মাধ্যমেই তার আধুনিকরূপের প্রকাশ হয়েছে । হেমিংওয়ে ও অন্যকিছু সাহিত্যিকদের মধ্যেও তার প্রভাব দেখা যায় । তার কারণ আধুনিক সভ্যতায় রাজনৈতিক ও অর্থনৈতিকজাত প্রচণ্ড আলোড়নের সংঘাতে সাধারন মানুষ তার নিজস্ব অস্তিত্বের প্রয়োজন ও স্থিতির ব্যাপারে অনিশ্চিৎ । আমাদের দেশে রবিঠাকুরও বিচলিত হয়েছিলেন—"/শুধু দিনযাপনের শুধু প্রাণধারণের গ্লানি/ শরমের ডালি/ নিশনিশি রুদ্ধঘরে ক্ষুদ্রশিখা স্তিমিতদীপের/ ধূমাঙ্কিত কালি/----/ সহেনা সহেনা আর জীবনেরে খণ্ড খণ্ড করি/ দণ্ডে দণ্ডে ক্ষয়" আধুনিক বাঙ্গলায় আরও কিছু অস্তিত্ববাদী কবি ও সাহিত্যিক ছিলেন ও আছেন—স্থানাভাবের জন্যে তাঁদের কথা বলা হলো না । সাঁত্র তাঁর 'নসিয়া' উপন্যাসের নায়ক রকিইটনের ভাবনা ও উক্তির মাধ্যমে সেই **গ্লানি**কে 'নসিয়া' বা প্রচণ্ড অরূচি ভাবে ব্যক্ত করেছেন । রকিইটন এই শূন্যতা ও অনস্তিত্বের থেকে বেরিয়ে এসে বিদ্যমান বা বর্তমান হতে চেয়েছিল । কাঁমূর 'অপরিচিত' (L'étranger) উপন্যাসের নায়ক মাঁরসোর সেই আত্মসতন্ত্রতাবোধ ছিল না । সে ছিল *শুধু জীবন্ত,* কোন আত্মঅস্তিত্ববোধহীন । এই উপন্যাসের সূচনাতেই মাঁরসোর অনস্তিত্ববোধের পরিচয় পাওয়া যায়—"আজ মা মারাগেছেন—সেটা আজকে না গতকাল—ঠিক জানি না ।"

এই শূন্যতার গ্লানিবোধ ও তারথেকে মুক্তি নিয়ে জীবন বিদ্যমান বা বর্তমান হওয়ার (to exist) প্রচেষ্টা সবলোকের সবসময় থাকে না । তখন জীবনটা হয় একটা পাথর বা মাটির ঢিবি হয়ে থাকার মত । তখন *'কিছুই যায় আসে না'* । জীবনটা মনে হতে পারে 'অসংগত, উদ্ভট' (absurd), সম্পূর্ণ অর্থহিন । কাঁমূ গ্রীকদেবতা সিসিফাসের গল্পের উদাহরণে তা দেখিয়েছেন । সিসিফাস ছিল এক দেবতা সুতরাং অমর । কিন্তু দেবরাজ যিয়ুস তার উপর রাগান্বিত হয়ে তাকে শাস্তি দিয়েছিলেন—একটা বিরাট পাথরকে পর্ব্বতের পাদদেশ থেকে বয়ে তার চূড়ায় নিয়ে যেতে । কিন্তু চূড়ার কাছাকাছি এসেই পাথরটা কোন দেববলে গড়িয়ে আবার পাদদেশে গিয়ে পড়তো । সিসিফাসকে আবার সেই পাথরটাকে বয়ে নিয়ে যেতে হতো, আবার সেটা গড়িয়ে পড়তো ।

অমরত্বের অভিশাপে অনন্তকাল ধরে সিসিফাসের এই অর্থহিন কাজ করাকেই কাঁমূ বলেছেন, অসংগত, উদ্ভট (**absurd**) । জীবনকে যখন সেইভাবে দেখা যায় তখন *'শুধু বেঁচে থাকাটা'* সম্মূর্ণ অর্থশূন্য । তখন যারা অমর নয় তাদের আত্মহত্যা করা ছাড়া আর কোন উপায় থাকে না—অমর সিসিফাসের সে সুযোগ ছিল না । সাঁত্র তাঁর দর্শনের বই 'বিদ্যমান ও শূন্যতা' (Being and Nothingness) তে এই অস্তিত্ববাদের বাখ্যা করেছেন । এই বই ও অনান্য উপন্যাস এবং প্রবন্ধের মাধ্যমে তিনি অস্তিত্বহিনতা থেকে মুক্তির পথ দেখিয়েছেন । সেপথ একেবারই সুগম নয় । 'কিছু হওয়া' বা বিদ্যমান (বর্তমান) হওয়া ও তার জন্যে প্রচেষ্টাই মুক্তি আনতে পারে । সঙ্গীহারা এই পথযাত্রায় সফলতা বা নিষ্ফলতার সব দায়িত্ব শুধু পথিককেই বইতে হয় ।

নিজের অস্তিত্বকে না জানলে তাকে ব্যক্ত করা অসম্ভব । এরজন্যে প্রথমে প্রয়োজন পক্ষপাতহীন আত্মবিশ্লেষণ । বলতে পারো এর জন্যে নিজেকে একটা আয়না-ঘর (প্রখ্যাত স্পানিস সাহিত্যিক যরজ বোরচেসের অনুপ্ররণায়) এর মধ্যে রাখতে হয় যাতে প্রতিমূহূর্তে নিজের প্রতিচ্ছবি ও ব্যবহার বিভিন্ন পরিপেক্ষিতে নিজে দেখতে পারা যায় । মানুষের জীবনে তার প্রতিবিম্ব তার চারপাশের মানুষের (হয়তো পশুপক্ষিরও) আয়নার মধ্যে দিয়ে প্রতিফলিত হয় । একদিক দিয়ে দেখতে গেলে সেটা বেশ বিপজ্জনক ব্যাপার । তার কারণ সাধারন আয়নার মত 'সামাজিক আয়নাগুলোতেও অনেকসময় অবাঞ্চিত টাল (curvature) থাকে যার ফলে প্রতিফলিত প্রতিবিম্ব অনেকসময় জীবনের থেকে বড়, ছোট বা বিকৃত দেখায় । আয়নাতে নিজেকে বেশী দেখার মধ্যে আরেকটা বড় ঝুঁকি আছে । গ্রিকপূরাণের নারসিসিস এর মত নিজের প্রতিবিম্ব দেখে মানুষের আত্মপ্রেমে মোহিত হওয়াটা অত্যন্ত সহজ—যার জন্যে অন্যান্য প্রলোভনের মত এর থেকে মুক্তির জন্যে আত্মসংযমের প্রয়োজন হয় । মনে রাখতে হবে আত্মবিশ্লেষণের পরের পর্য্যা বা আত্মঅভিব্যক্তি আরও কঠিন । অনেকমানুষের যাত্রা এই মাঝপথেই শেষ হয় ।

--

নবগোপাল, আশাকরি তুমি আমাকে ভুল বুঝবেনা । তোমার সম্বন্ধে অনেক কড়াকড়া কথা, হয়তো অপ্রিয় সত্যকথা, বলেছি । যে মুক্তিপথের আভাষ দিয়েছি সেটাও বেশ কঠিন । তবে কেউ কখনও আশ্বাষ দেয়নি যে জীবনের পথে শুধু ফুলের পাপড়ি ছড়ানো আছে—কোন লুকানো কাঁটা নেই । বলত গেলে 'এইটাই জীবন' । তোমার আর্থিকঅসচ্ছলতার ব্যাপারে শুধু এইটুকু বলবো যে, জীবনে আকাঙ্খা (desire) ও প্রয়োজনের (need) মধ্যে ভারসাম্য বজায় রেখার বিশেষ দরকার । প্রথমটা যখন কমাতে পারবে, তখন দ্বিতীয়টা পূরণ করবার সাফল্য সেইমত বেশী হবে ।

সময় হলে চিঠির উত্তর দিও । ভালো থেকো ।

সুনীলমামা

সন্ন্যাসী বিদ্রোহ

মাখন বল

১৭৫৭ খৃষ্টাব্দের ২৩ জুন পলাশীর প্রান্তরে মীরজাফরের সহযোগিতায় রবার্ট ক্লাইভ ভারতে বৃটিশ রাজত্বের ভীত স্থাপন করলেন । এর পরে বৃটিশের বিজয় রথ এগিয়ে গেল, সমস্ত ভারত তাঁদের দখলে গেল । ১৭৭৬ খৃষ্টাব্দে বাংলায় ভীষণ দুর্ভিক্ষ আরম্ভ হল, খাদ্যাভাব । চারিদিকে হাহাকার । ইহাই ছিয়াত্তরের মন্বন্তর নামে খ্যাত । এই মন্বন্তরে ফকির বিদ্রোহের জনক মজনু শাহের মৃত্যুর পর পুত্র ফকির মুশা শাহ কৃষক সংগঠনের নেতৃত্ব দেন । আধ্যাত্মিক জ্ঞানের সিদ্ধ পুরুষ ফকির মুশা তাঁর অনুগত শিষ্য সন্ন্যাসী নেতা আনন্দ গিরির হাতে সংগঠনের নেতৃত্ব দিয়ে হজব্রত পালনের জন্য মক্কা চলে যান । ফকির বিদ্রোহ এবং কৃষক সংগঠনের সব দাযীত্ব পড়ে আনন্দ গিরির কাঁধে । আনন্দ গিরির নেতৃত্বে হাজার হাজার সন্ন্যাসী , ফকির ও কৃষকরা একত্রিত হল । ফকির ,কৃষক ও সন্ন্যাসীদের এই আন্দোলন বিদ্রোহের আকার নেয় । এই সন্ন্যাসী বিদ্রোহই ভারতের স্বাধীনতা সংগ্রামের প্রথম ইতিহাস ।

ভারতীয় সাহিত্যের ``কহিনুর '' সাহিত্য সম্রাট বঙ্কিম চন্দ্র চট্টোপলধ্যায়ের আনন্দমঠ । আনন্দমঠে আছে সন্ন্যাসী বিদ্রোহের বিবরণ । আনন্দ মঠেই লেখেন বন্দেমতরম কবিতাটি । বন্দে মাতরমই সাধীনতা সংগ্রারে বীজমন্ত্র । বন্দে মাতরম গানটি এখন ভারতের দ্বিতীয় জাতীয় সঙ্গিত । বঙ্কিম চন্দ্র কি ভাবে আনন্দমঠ লেখার অনুপ্রেঢ়ণা পেলেন তাহাই এখানে লেখার চেষ্টা করব । সন্ন্যাসী বিদ্রোহ দমন করতে ব্যর্থ হয়ে ঢাকা জেলাকে ভেঙে ময়মনসিং জেলা করা হয় । সেই ময়ময়সিংহ জেলাতে বঙ্কিম চন্দ্র আসেন ডেপুটি ম্যাজিস্ট্রেট হয়ে । তার কিছুদিন পুর্বেই সন্ন্যাসী বিদ্রোহের অন্যতম নেতা জয়সিং গিরিকে ফাঁসি দেওয়ায় বিদ্রোহ কিছুটা স্তিমিত ।

আনন্দ গিরি হাজার হাজার বিদ্রোহীদের দেশ প্রেমের মন্ত্রে উদ্বুদ্ধ করে কৌশল পরিবর্তনের মাধ্যমে সবাইকে নিয়ে মধুপুরের গভীর অরণ্যে চলে আসেন । ততদিনে গোটা ভারতে ইংরাজ রাজত্ব পাকা পোক্ত হয়ে গিয়েছে । সেই সময় আনন্দ গিরি মধুপুরের গভীর বনাঞ্চলে নিরাপদ আশ্রয়ে স্থায়ী ভাবে বসবাসের জন্য মজবুত দুর্গ নির্মানের কাজে হাত দিলেন । অল্প দিনের মধ্যেই হাজার হাজার সন্ন্যাসী ও ফকির বিদ্রোহীদের অমানুষিক শ্রমের ফসল দুটি দুর্গ তৈরি হয় । বংশী নদীর দু-পারে প্রায় এক কিলোমিটার দুরত্বে দুই দুর্গে যাতাতের জন্য নদীর তলদেশে মাটির নিচে তৈরি হল সুড়ঙ্গ পথ । সর্ব্ব সম্মতি মতে দুর্গের নামকরণ হল আনন্দ মঠ । দুর্গের ভিতর ঘরের অংশবিশেষে এখনও রয়েছে বোয়ালি গ্রাম । দেওয়ালের কুলুঙ্গিতে যেখানে তেলের প্রদীপ জ্বলত তার চিহ্ন এখনও স্পষ্ট । রয়েছে নানা আকিবুকি এবং সন্ন্যাসীদের স্মৃতি চিহ্ন ।

আড়াই শো বছর আগে টাঙ্গাইলের বংশী নদীর নিচে সন্ন্যাসীদের তৈরি সুরঙ্গ পথ দিয়ে আজও কি এক দুর্গ থেকে অন্য দুর্গে যাওয়া যায় ? ইংরেজের তারা খেয়ে লুকিয়ে পড়ে রাতে মশাল নিয়ে ``হরে মুরারে মধুকৈটভারে । গোপাল গোবিন্দ মুকুন্দশৌরে ।'' শ্লোগান দিয়ে আনন্দ গিরি, উদয় গিরি, বুধ গিরি ও জয়সিং গিরিরা পাল্টা আক্রমন করতেন ইংরাজদের ।

আজ সেই সন্ন্যাসী বিদ্রোহের গর্ভগৃহ কালের কবলে এবং স্থানীয় মানুষের সহয়োগিতায় ধীরে ধীরে অদৃশ্য হয়ে যাচ্ছে । সন্যাসী বিদ্রেহের পুণ্য ভুমি টাঙ্গাইলের মধুপুরে আনন্দ গিরির মঠ । বিলুপ্ত হয়ে যাচ্ছে বঙ্কিম চন্দ্রের স্মৃতি বিজড়িত শিব মন্দির । প্রায় বিলুপ্তির পথে সন্ন্যাসীদের ডেরা দুই দুর্গের যোগা

যোগের গোপন সুড়ঙ্গ। বংশী নদীর নিচের প্রায় এক কিলোমিটার দীর্ঘ সুড়ঙ্গ দিয়ে মশাল হাতে যাতায়াত করতেন সন্ন্যাসীরা। বাংলাদেশ সরকার এবং স্থানীয় প্রশাষণের উদাসীনতায় সে দিনের আনন্দমঠের দুই দুর্গ এবং মন্দিরের বিস্তীর্ণ এলাকা জুড়ে এখন গরে উঠেছে নানা রঙের বাড়ী, ক্লাব ও খেলার মাঠ।

ঢাকা থেকে প্রায় ১৭০ কিলোমিটার দুরে মধুপুর। মধুপুর এখন টাঙ্গাইল জেলায়। মধুপুরে ছিল ঘন পার্বত্য জঙ্গল, মালভুমি এলাকা এখন সমতল আকার নিয়েছে। পশ্চিম বঙ্গের জলপাইগুড়ির লাগোয়া এলাকা। সন্ন্যাসীদের দুই দুর্গ তখনও অক্ষুন্ন। সাহিত্য সম্রাট সেদিন কৌতুহল বশতঃ সাধুর ছদ্মবেশে মধুপর গড়ে এসেছিলেন। টাঙ্গাইল ও মধুপুরের ইতিহাস গবেষকরা বলছেন, দুদিনেই সন্ন্যাসীদের সঙ্গে সখ্য গড়ে সুড়ঙ্গ দিয়ে পশ্চিম থেকে পুর্ব পারের দুর্গেও গিয়েছিলেন। সন্ন্যাসীদের দেশপ্রেম ও কৃচ্ছ সাধনায় মুগ্ধ বঙ্কিম প্রশাষকের দায়ীত্ব ও কর্তব্য ভুলে পুজোও দিয়েছিলেন শিব মন্দিরে।

আনন্দ মঠের গবেষক টাঙ্গাইল, ময়মনসিং ,মধুপুরের গ্রাম গঞ্জ, শহর যেখানেই গিয়েছেন সে সকল স্থানের সকলেই আজও সেদিনের আনন্দমঠের লড়াই ও সন্ন্যাসীদের শৌর্যবীর্যের কাহিনি বলছেন। মধুপুরের বাসিন্দাদের পাশাপাশি কেদার নাথ মজুমদারের 'ময়মনসিংহের ইতিহাস' এবং খান সাহেব আবদুল্লাহর মোমেন শাহির নতুন ইতিহাস' দুই গ্রন্থেই বঙ্কিম চন্দ্রের এই মঠে এসে সন্ন্যাসীদের সাথে মেলামেশার কথা সবিস্তারে লেখা আছে। দুই বাংলার সাহিত্য ও ইতিহাস গবেষকরা আকর্ষিত হয়ে বারবার ফিরে আসছেন বাংলা সাহিত্যের প্রথম বিপ্লবী উপন্যাসের গর্ভগৃহে। সকলেই এই স্মৃতি চিহ্ন সংরক্ষণের জন্য সচেষ্ট। কিন্তু কী প্রত্নতত্ব বিভাগ কী সরকার এবিষয় নিয়ে গুরুত্ব দিচ্ছে না। আক্ষেপ করেন মধুপুর পুরসভার পুর প্রধান সরকার সাহিদুল ইসলাম। ক্ষোভে ফেটে পড়েন আনন্দমঠ -স্মৃতি চিহ্ন টিকিয়ে রাখতে দীর্ঘদিন আন্দোলন করা মুক্তি যোদ্ধা - আব্দুর রেজ্জাক জেহাদি ও মধুপুর কলেজের অধ্যক্ষ বজলুর রশিদ খান চন্নু।

মধুপুর সন্ন্যাসী বিদ্রোহের নায়ক আনন্দ গিরি কি আনন্দমঠের সত্যানন্দ ? মহারাষ্ট্রের বিপ্লবী বাসুদেব বলবন্ত ফাড়কে এবং বঙ্কিম চন্দ্রের সত্যানন্দ দুজনেই তাঁদের অনুগামীদের সন্তান বলতেন। বঙ্কিম গবেষকরা অনেকেই দাবি করেন, বলবন্তের চরিত্রকে অবলম্বন করে আনন্দমঠের সত্যানন্দ চরিত্র লিখেছিলেন বঙ্কিম। কিন্তু টাঙ্গাইল ও মধুপুরের গবেষকরা দাবি করেন সত্যানন্দ চরিত্র লেখা হয়েছে আনন্দ গিরিকে অবলম্বন করে। আবার কেহ কেহ দাবি করেন জয়সিং গিরির চরিত্রই সত্যানন্দ। তবে আনন্দ গিরির নাম থেকেই আনন্দমঠ। বঙ্কিম চন্দ্র রাজ কর্মচারী - শাষকের চোখে ধুলো দিতে কি মধুপুরের সন্ন্যাসী বিদ্রোহের সঙ্গে বলবন্তের চরিত্র মিলিয়ে দিয়ে ছিলেন ? বংশী নদীর তীরে সন্ন্যাসীদের যে আনন্দমঠের মন্দিরে পুজা দিয়েছিলেন তার পরিবর্তে বঙ্কিম জলপাই গুড়ির শিকারপুরের ভবাণী পাঠকের কালী মন্ডপের কথা তুলে এনেছিলে কি ? তা সত্বেও কি রাজ রোষ থেকে নিজেকে বাঁচাতে না পারলেও উপন্যাসকে বাঁচাতে পেরেছিলেন।

কিন্তু সে দিনকার সেই ঐতিহাসিক মন্দির ও দুটি মঠ- দুর্গ ধ্বংস হচ্ছে কি ভাবে। ১৯৭১ খৃষ্টাব্দ পর্যন্ত অক্ষত ছিল আনন্দমঠের দুই দুর্গই। কিন্তু বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় মুক্তি যোদ্ধারা আশ্রয় নিয়েছে এই সন্দেহে করে কামানের গোলায় দুর্গ দুটি গুড়িয়ে দেয় পাকিস্থানের সেনারা। ১৯৯১ সালে জামাত -বি এনপি সময় সন্ন্যাসীদের মঠের সেই ঐতিহাসিক মন্দিরের কষ্টি পাথরের শিব লিঙ্গটি চুরি হয়ে যায়। নিন্দার ঝড় ওঠে গোটা বাংলাদেশে। পথে নামেন শিল্পী, সাহিত্যিক, বুদ্ধিজীবী থেকে শুরু করে মুক্তি যোদ্ধারা। সকল সংবাদ পত্রের প্রথম পাতায় আনন্দমঠের পুরাকৃতি ধ্বংসের খবর জায়গাকরে নেয়। পুলিশ প্রথম দিকে তৎপর হলেও পরে বিষয়টি ধীরে ধীরে ধামা চাপা পরে যায়। তাই চুরি যাওয়া শিব লিঙ্গটি আর ফেরত আসেনি। সেই সুযোগে ভাঙ্গা দুর্গ ও মন্দিরের ইঁট, সুরকী দিনে দুপুরে চুরি হয়ে যাচ্ছে। প্রতি দিনই একটু একটু করে হারিয়ে যাচ্ছে ভারতের স্বাধীনতা সংগ্রামের মুল বীজমন্ত্র "বন্দেমাতরম "এর উৎস ভুমির স্মৃতি চিহ্ন। আজ বন্দে মাতরম - গানটি অনেকেরই বিস্মৃতির পথে তাই

এখানে তুলে দিলাম ঃ-

" বন্দে মাতরম ।
সুজলাং সুফলাং মলয়জশীতলাম্
শস্যশ্যামলাং মাতরম্ ।
শুভ্র-জ্যোৎস্না-পুলকিত-যামিনীম্
ফুল্লকুসুমিত-দ্রুমদলশোভিনীম্,
সুহাসিনীং সুমধুরভাষিণীম্
সুখদাং বরদাং মাতরম্ ।।
সপ্তকোটীকন্ঠ-কল-কল-নিনাদকরালে ,
দ্বিসপ্তকোটীভুজৈর্ধৃতখরকরবালে,
অবলা কেন মা এত বলে
বহুবলধারিণীং নমামি তারিণীং
রিপুদলবারিণীং মাতরম্ ।
তুমি বিদ্যা তুমি ধর্ম্ম
তুমি হৃদি তুমি মর্ম্ম
ত্বং হি প্রাণাঃ শরীরে ।
বাহুতে তুমি মা শক্তি ,
হৃদয়ে তুমি মা ভক্তি ,

ত্বং হি দুর্গা দশপ্রহরণধারিণী
কমলা কমল-দলবিহারিণী
বাণী বিদ্যাদায়িণী নমামি ত্বাং
নমামি কমলাম্ অমলাং অতুলাম্ ,
সুজলাং সুফলাং মাতরম্
বন্দে মাতরম ,
শ্যামলং সরলাং সুস্মিতাং ভুষিতাম্
ধরণীং ভরণীম্ মাতরম্ । "

মুক্তাগাছার জমিদারের কাছ থেকে সন্ন্যাসীদের পাওয়া নিস্কর জমিকে এখন যারা একটু একটু করে দখল নিচ্ছে তাদের কেহ বাঁধা দিচ্ছে না । ইতিহাস সংরক্ষণে গোটা বিশ্বে এত উদ্যোগ, তখন মধুপুরের সন্ন্যাস নেতা আনন্দ গিরি, বুধ গিরি ও জয়সিং গিরির লড়াই এর স্থান এবং দুর্গ নিয়ে কেন এত অবহেলা ? অবিভক্ত ভারতে বৃটিশ শাসনের বিরুদ্ধে জেহাদ ঘোষনা কারী টাঙ্গাইল -মধুপুরের ফকির -সন্ন্যাসীদের সংগ্রামের ইতিহাস কি পুরোপুরি হারিয়ে যাবে বংশী নদীর স্রোতে?বাংলাদেশ সরকারের উদাসীনতায় হত াশ হয়ে এবার ভারতের সাহায্য চেয়েছেন টাঙ্গাইলের মহিষমারা কলেজের শিক্ষক ও বঙ্কিম গবেষক সাহিদুল ইসলাম ।

সাহিত্য সম্রাট বঙ্কিম চন্দ্রের আনন্দ মঠ পড়েছি । কিন্তু তার আদি ইতিহাস জানা ছিলনা । বর্তমানে বঙ্কিম চন্দ্রকে নিয়ে দুই বাংলায় বিশেষ করে বাংলা দেশে গবেষণা হচ্ছে । পশ্চিম বাংলায় কমুনিস্টদের রাজত্বকালে তারা চেষ্টা করেছিল বঙ্কিমের ভাষা পরিবর্তন করে তাদের বোধগম্য আধুনিক বাংলাতে

বঙ্কিমের লেখা অনুবাদ করতে। ঈশ্বরের অনুগ্রহ, কমুনিস্ট রাজত্বের শেষ হয়েছে। বঙ্কিমের লেখার যে মাধুর্য্য তাহা পশ্চিম বাংলার আধুনিক প্রজন্মের লোকেদের বোধগম্য হয় না। বর্তমান বঙ্কিম গবেষকদের অনুগ্রহে এখন জানা জাচ্ছে বিদ্রোহ দমনের পরে ঐ হাজার হাজার বিদ্রোহীদের পরিণতি। যদি সুযোগ আসে পরে বিদ্রোহীদের পরিণতি নিয়ে লেখা যাবে।

বর্তমানে কেহ আনন্দ মঠের গর্ভগৃহ দেখতে চাইলে সন্ন্যাসীদের সেই দুই দুর্গের ধ্বংশাবশেষ মধুপুর বাস স্টান্ডের কাছে বংশী নদীর পুর্ব পারে একবার যেতে হবে। এলাকাটি এখন বোয়ালিয়া গ্রাম নামে পরিচিত। এই গ্রামের বৃদ্ধ, নবাব আলি প্রায় ৫০-বৎসর পুর্বে অসম থেকে এসে আনন্দ মঠে বসবাস করতেন। পরে তিনি পাশেই একটি বাড়ী তৈরী করেন। নবাব আলির বৃদ্ধা স্ত্রী রওশনারা বেগম বলছেন - বহু মানুষ আসেন এই ভাঙা মঠ দেখতে। সকলেই একে আনন্দমঠ বলেই জানেন। এই মঠের ভিতর ছিল বহু কোঠা ঘর। ধ্বংশ প্রায় মঠটি সংরক্ষণ বা দেখাশুনার কেহ নাই।

লেখাটি শেষ করার আগে একবার প্রণাম করি বন্দে মাতরম বলে। বালক বয়সে কত গলা ফাঁটিয়ে চিৎকার করেছি বন্দে মাতরম বলে - স্বাধীনতার জন্যে। পাঠক, আপনারাও বলুন - বন্দে মাতরম। গান করুন বন্দে মাতরম গানটি।

(লেখাটির উৎস পেয়েছি বঙ্কিম গবেষক কৃষ্ণ কুমার দাসের " সন্ন্যাসীদের গর্ভগৃহ " গবেষণা পত্রটি থেকে)

===============

বাস্তভিটা

প্রণব ভট্ট

না এখানে আর নয়। থাকবো না এখানে।

প্রতিমা চিৎকার করেই বলে কথাটা। হরি কিছু বলে না। শুনে না শোনার ভান করে। এদিক ওদিক তাকায়।

কি কিছু বলছো না যে।

কি বলব?

হরি নির্লিপ্ত। হরির নির্লিপ্ততায় মেজাজ চেড়ে যায় প্রতিমার। গলার স্বর আরো এক স্কেল উপরে তুলে চেঁচামেচি করে।

তুমি কিছুই বলবে না? কেন কিছুই বলবে না?

এই এমনি, এমনি এমনি ধরো, কিছু বলব না।

না, তোমাকে কিছু বলতে হবে। চুপ করে থাকলে চলবে না, নিশ্চই কিছু না কিছু তোমাকে বলতে হবে।

কিছু বলবার না থাকলেও বলতে হবে?

হরি আগের মত শান্ত নির্লিপ্ত কণ্ঠে জবাব দেয়। প্রতিমার ধৈর্যের বাঁধ ভেঙে পড়ে। এবার গলার আওয়াজ সপ্তমে চড়িয়ে চিৎকার শুরু করে। তুমি মানুষ না পশু। কোন কথা কানে যায় না। বলছি আর থাকব না। এখনে আর কিছুতেই না। কথায় যাবে তুমি?

যেখানেই যাই যাব। তবে এখনে আর না।

কি খাবে? সেখানে গিয়ে কি খাবে? সেখানে কেউ রেঁধে রেখেছে নাকি তোমার জন্য ভাল ভাল সব খাবার দাবার? এই ধরো পোলাও মাংস, মিষ্টি, দই- এই সব? থাক, থাক আর ইয়ার্কি করতে হবে না, শাকলতি খাব। তবু যাবো, যাবোই যাবো।

বললেই হল, যাবোই যাবো। যাওয়াটা এত সহজ কথা না।

যাবোইতো, কেন যাবো না?

তুমি যাও, একা একা যাও। আমি যাবো না, আমার পোলাপানও না।

তুমি থাকো, আপত্তি নাই, কিন্তু পোলাপানের কথা তুললে কেন? পোলাপান কি তোমার একার? আমার না?

দম নেয় প্রতিমা, উত্তেজনায় কাঁপতে থাকে, কিন্তু থামে না, বলে-

হা ভগবান, কী মানুষের সাথে ঘর করি, পোলাপান নাকি তার একার।

হারি আর কিছু বলে না। ভাবে। কি করবে এখন। প্রতিমাকে কি বলে শান্ত করবে। আদ্ভুত চরিত্রের মেয়ে এই প্রতিমা। কখনো কিছু বলবে না। কিছু চাইবে না। কোন আবদার নয়। কোন অভিযোগ-অনুযোগ নয়। কিন্তু একবার কোন বিষয়ে গোঁ ধরলে আর রক্ষা নেই। সে কাজ না করা পর্যন্ত ক্ষান্ত হবে না।

মনে পড়ে না, বিয়ের পর মুখ ফুটে কোনদিন কোনকিছু হারির কাছে চেয়েছে প্রতিমা। শাড়ী না, গয়না না, কোন কিছুই না। প্রতিমাকে নিয়ে সুখেই কাটছিল হারির দিন।

ভালোবেসে বিয়ে করেনি হারি আর প্রতিমা। বিয়ে করে ভালোবেসেছে। বিয়ে মানে কোন দেওয়া নেওয়ার বিয়ে নয়, যৌতুকের বিয়ে নয়। হারির বাবা তার জন্য অসংখ্য পাত্রী দেখে দেখে যখন ক্লান্ত তখনই হারির বড় ভাই মধু এই বিয়ে ঠিক করেন। হারির বাবা বলরাম দাস হারির জন্য প্রতিমার আগে পাত্রী দেখেছেন কম-সে-কম দুই আড়াইশ। কারো রং ফর্সা তো চোখ ছোট, কারো চোখ সুন্দর তো নাক মোটা, কারো চেহারা ভাল তো রং ময়লা, কারো রং সুন্দর তো চেহারা বিশ্রী, কারো সবই সুন্দর তো চুল বড় নয়- এমনি সব কারনে হারির বাবা পুত্রের জন্য মনের মত পাত্রী ঠিক করতে পারেননি। হারির বড়ভাই একটি মাত্র কন্যাকে দেখেই হারির জন্য প্রতিমাকে পছন্দ করেছেন। সেই সুবাদে প্রতিমা আজ এই বাড়ির বউ। হরি। হরিপদ দাস। গ্রামের প্রাইমারি স্কুলের শিক্ষক। আর্থিক অবস্থা মোটামুটি খারাপ নয়, তবে আগে আরো ভাল ছিল। হরির তিনপুরুষের ব্যবসা মুদি- ব্যবসা। বাজারে হরির সবচেয়ে বড় মুদি দোকান। হরির বাবা বলরাম দাস আর হরির বড় ভাই মধু দোকানে বসেন। হারির পূর্বপুরুষ সকলেই ব্যবসায়ী। বলাযায় বংশানুক্রমে ব্যবসায়ী।

কিন্তু হরিই প্রথম পারিবারিক ধরাবাঁধা নিয়ম মাফিক ব্যবসায়ী জীবনযাত্রা থেকে আলাদাভাবে জীবন শুরু করেছে। হরির স্কুল মাস্টারীর ব্যাপারে আপত্তি করেনি কেউ। হরি ভেবেছিল তার ব্যবসায়ী বাবা হয়ত বিষয়টা মেনে নাও নিতে পারেন। কিন্তু বাস্তবে দেখা গেল জীবিকার বিষয়ে পুত্রের স্বাধীন চিন্তাকেই তিনি সমর্থন করলেন।

হরি, হরির বড় ভাই মধুকে নিয়ে পিতা বলরাম দাসের যৌথ পরিবার। ব্যবসা এবং ক্ষেত গৃহস্থ যৌথ পরিবারের আয়ের অন্যতম উৎস। এছাড়া হরি স্কুলের মাস্টারী এবং ছাত্রদের প্রাইভেট পড়িয়ে সামান্য কিছু পায়। হরি যা পায় তার সিংহভাগ পিতার হাতে তুলে দেয় এবং অবশিষ্ট সামান্য যা থাকে তা হতে নিজস্ব হাত খরচ- চা, পান, সিগারেট চলে। হরি অবশ্য মাঝে মাঝেই প্রতিমার হাতে কিছু কিছু দেয়। প্রতিমা খরচ করে না। বরং টিনের ট্রাঙ্কে জমিয়ে রাখে। সংসারী মেয়ে প্রতিমা, সঞ্চয়ীও।

প্রতিমাকে নিয়ে কানায় কানায় ভরেছিলো হরির মন। কী চমৎকার সকলের সাথে মানিয়ে নিয়েছিলো নিজেকে। হরির বাবা-মা, দাদা-বউদি সকলের অন্তর ধীরে ধীরে জয় করে নিয়েছিলো প্রতিমা। এখন এক কথায় প্রতিমাই হচ্ছে এ বাড়ীর মধ্যমণি। চাল ডাল নুন থেকে আরাম্ভ করে বাচ্চাদের স্কুল, স্কুলের মাইনে, টিউটর, পূজাপার্বণ সবই প্রতিমার তত্তাবাধানে। দাসবাড়ীর পান থেকে চুন খসতে গেলেও প্রতিমাকে দরকার। পরিবারের বড়োদের সঙ্গে প্রতিমার সম্পর্কটা পরম শ্রদ্ধা ভক্তির আর ছোটদের সাথে সম্পর্ক অকৃত্রিম স্নেহ-ভালবাসার। এ বাড়ীতে প্রতিমা কারো বৌমা, কারো কাকিমা। বিভিন্ন জন বিভিন্নভাবে ডাকলেও হরির কাছে প্রতিমা কেবল প্রেয়সী। পরিবারের সবাই ভালবাসে তাকে, সেও ভালোবাসে সকলকে।

বহুদিন পর, সেবার অনেক সাধ করে বাপের বাড়ী গিয়েছিলো প্রতিমা। তখন বাড়ীর পিছনের ও আমগাছের আমের প্রশংসা করেছে এতোদিন হরির কাছে তা আর ভালো লাগেনা। বাপের বাড়ীর তরিতরকারী শাকসবজী, কোনকিছুই আর আগের মতো অমৃত লাগে না। বাপের বাড়ীর যে কালো গরুটার দুধের স্বাদ এখনও মুখে লেগে আছে, সে গরুর দুধের চেয়েও শুশুরবাড়ীর লাল শাদা রং গরুটার দুধ অনেক ভালো ভাগে। সামনে দীঘিতে নাইতে গিয়ে দেখে স্নানের সে আনন্দ নেই। দু'এক দিনের মধ্যেই হাপিয়ে ওঠে প্রতিমা। হরির কথা মনে পড়ে। শুশুর শ্বাশুড়ীসহ বাড়ীর সকলের কথা মনে পড়ে। এক মাসের জন্যে বাপের বাড়ীতে এসে কিভাবে এতোদিন কাটবে ভাবতে ভাবতেই এক সাপ্তাহের মাথায় হরি এসে উপস্থিত।

আমি তোমাকে নিতে এলাম প্রতিমা। চলো। এক মাস থাকার কোন দরকার নেই। কেন, বউকে ছাড়া থাকতে পারো না? ওমা, লোকে বলবে কি। বলবে বউ-পাগল। প্রতিমা স্বামীর সাথে ঠাট্টা করে। প্রায় এক সাপ্তাহ পর স্বামীকে পেয়ে হাতে আকাশের চাঁদ পায় প্রতিমা। মস্করা করতে ভালই লাগে।

না, আমি নিজে আসিনি। বাবা, মা, দাদা, বৌদি সবাই একরকম জোর করে পাঠিয়ে দিলেন। বললেন, যা হরি, প্রতিমাকে বাপের বাড়ী থেকে নিয়ে আয়। বৌমাকে ছাড়া বাড়ীটা শূন্য মনে হয়। বললো, যা বাবা, খাঁখাঁ করছে এতোবড় বাড়ী।

তোমার নিজের কথা বলো। আমাকে ছাড়া তোমার খারাপ লাগেনি?

হরির চোখ মুখ লাল হয়। লজ্জায় মুখ তুলতে পারে না। মাথা নীচু হয়ে আসে। কিছু বলে না। কি বলবে বুঝতে পারে না। প্রতিমা স্বামীকে চেনে। ভালবাসার মানুষকে আর বিব্রত করতে চায় না প্রতিমা। খুব ভালো করেই একথা জানে প্রতিমা, হরি তাকে ছাড়া কতোটা অসহায়। নিজের অন্তরের টানেই হরি যে এসেছে এটা এক প্রকার নিশ্চিত প্রতিমা।

সংসার সুখের হয় রমণীর গুণে-একথা যদি সত্যি হয় প্রতিমাকে নিয়ে সুখেই ছিলো হরি। সুখ-দুঃখ, হাসি-কান্না সবকিছু মিলিয়ে হরির আর চাওয়া পাওয়ার তেমন কিছু ছিলো না। ভাত খেতে না খেতেই সুপারি আর অল্প চন দিয়ে পানটা এগিয়ে দেয়া, স্কুলে যাওয়ার আগে কলমটা রুমালটা ছাতাটা বাড়িয়ে দেয়া, ময়লা গেঞ্জিটা জোর করে গা থেকে খুলে নিয়ে সাবান দিয়ে নিজ হাতে কেঁচে দেয়া, সবকিছু মিলিয়ে বাংলাদেশের এক অজপাড়া গাঁয়ে জন্ম হরিপদ মাস্টার এর চেয়ে বেশী সুখ কখনও চায়নী। হরিপদ মাস্টারের স্বপ্ন ছিলো ঠিকই। কিন্তু সে স্বপ্ন ছিলো শাদামাটা সাধারণ সুখ দুঃখের একজন গ্রাম্য মানুষের স্বপ। হরি সুখী হয়েছিলো। সুখেই কাটছিরো হরির দিন।

কিন্তু এমন সতয় ঝড় উঠলো। এলোমেলো করে দিলো সব। ওপারে ধর্ম নিরপেক্ষতার দেশে মানবতার শত্রুরা ষোড়শ শতকের বাবরী মসজিদ ভাঙলো। বিশ্ববিবেক প্রতিবাদে সোচ্চার হলো। ধর্মের নামাবলী গায়ে সেঁটে অধার্মিকরা শুধু কেবল পবিত্র বাবরী মসজিদ ভাঙালো না, হত্যা করলো প্রগতির সহজাত অগ্রযাত্রাকে।

এই বিয়োগাস্ ঘটনার প্রভাব ছড়িয়ে গেলো উপমহাদেশের কয়েকটি দেশে। যে বাংলাদেশ বছরের পর বছর ধরে দুটি সম্প্রদায়ের সৌহার্দ্য ও প্রীতির বন্ধনের ইতিহাস হয়ে আছে সেখানেও উত্তাপ এসে লাগ±লা। সে শ্যামল সবুজ বাংলায় হিন্দু মুসলমান পরস্পরের প্রতি বিদ্বেষ নয়, ভালবাসার বন্ধনে ছিলো -সেখানেও মুষ্টিমেয় হাতে গোনা লুটেরা পরস্পরের প্রতি সন্দেহ আর ঘৃণার বীজ বপন করতে চাইলো। দলমত নির্বিশেষে ঐক্যবদ্ধ বাংলাদেশ রুখে দাঁড়ালো সাম্প্রদায়িকতার বন্য শ্বাপদ।

গ্রামের সংখ্যালঘু হিন্দুরা অনেকে বলাবলি করে, এখানে আর নয়। গ্রাম্য সংখ্যালঘু মহিলার প্রতিমাকে দেশত্যাগের পরামার্শ দেয়। প্রথম প্রথম প্রতিমা অবশ্য সায় দেয় না। পরে আস্তে আস্তে মনস্থির করে। চলে যাবে। এই বাস্তিভিটা ছেড়ে চিরদিনের জন্যে চলে যাবে। প্রতিমা বুঝতে পারে না কেন ওরা এই ঘৃণিত কাজ করলো। ওদের কি কোন বিবেক নাই। কেন ভাঙ্গলো ওরা মসজিদ?

প্রতিমা হরি দুজনেই রাতদিন ভাবে, কথা বলে, ভাবে। কিন্তু কোন সিদ্ধান্ত আসতে পারে না। কেন যাবে? খাবে কি সেখানে গিয়ে? এই পিতৃপুরুষের ভিটার মায়া ত্যাগ কররে কেমন করে? এই গ্রাম, এই নদী। এই সবুজ শ্যামল অবারিত মাঠ। পারবে না প্রতিমা, পারবে না হরি ছেড়ে যেতে। পাখীর ডাকে যেখানে সকল হয় ঝিঁঝিঁর ডাকে যেখানে সন্ধ্যা নামে-সকল দেশের সেরা সে জন্মভুমি ছেড়ে যাবে কেমন করে?

প্রতিমার ছোট ভাই খবর আনে প্রতিমার বাপের বাড়ীতে লুটপাট হয়েছে। খবরটা শুনেই প্রতিমার শ্বশুর দ্রুত সিদ্ধান্ত নেয়, এখানে আর নয়। ছেড়ে যাবে এই দেশ। গ্রামের নব্যধনী মফিজ মিয়ার কাছে বাড়ী, ধানী জমি ও দোকান বিক্রীর সিদ্ধান্ত হয়। বিক্রী মানে জলের দামে বিক্রী। বিশ লাখ টাকার সম্পত্তি মাত্র দশ লক্ষ টাকায় রফা হয়। কথাবার্তা মোতাবেক বায়নাপত্র হয় এক লাখ টাকা।

চোখের জলে আগাম গ্রহণ করেন হরির বাবা বলরামদ াস। মফিজ মিয়া অবশ্য সম্পত্তি বিক্রী না করা জন্যে, দেশত্যাগে ঐকমত হয় না। হরির বাবা, মা, দাদা, বৌদি, স্ত্রী প্রতিমা সকলেই একবাক্যে দেশত্যাগে ঐকমত্য পোষণ করে। হরির রাগ হয়, মনে মনে প্রতিমাকে গালমন্দ করে।

কারণ, সবকিছু ছেড়েছুঁড়ে কোথায় কোন অনিশ্চয়তার মধ্যে যাত্রা শুরু করতে হরির মন সাড়া দেয় না। হরি একথা ঠিক ভালো করেই জানে প্রতিমার সিদ্ধান্ত মোতাবেক এ বাড়ীর সকলগুরুত্বহীন বা গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নির্ধারিত ও বাস্তবায়িত হয়। প্রতিমা যেদিন মুখ ফুটে বলেছে, এখানে আর নয়-সেদিনই ভয়ে কেঁপে উঠেছিলো হরির বুক।

প্রতিমার বাবা মেয়ের খোঁজখবর করতে জামাই বাড়ী আসেন। পরম যত্নে বাবাকে খেতে দ†য় প্রতিমা। খেতে খেতে বাবা আর মেয়ের মধ্যে কথা হয়।

বাবা, আমরা ঠিক করেছি চলে যাবো।

কেনরে? আমিতো আবর ঘরদোর সব ভালোভাবেই তুলতে আরম্ভ করেছি। জানিস মা, আগে তো বাঁশের কঞ্চির বেড়া চিলো, এবার পাঁচ ইঞ্চি ওয়াল আর উপরে টিনশেড করছি নাতিটা এতো ভালো ছাত্র।ওর যাতে কোন কষ্ট না হয়, জামাই বাবাজির যাতে কষ্ট না হয় সে জন্যে এবার তোরা †গলে ওয ঘরে থাকিস সে ঘরে ফ্যান লাগাবো ভাবছি।

বাবা, তুমি এসব সব ভেবেচিন্তে ঠিক ঠিক করছো তো?

মারে, নিজের মাতৃভুমির চেয়ে সুখ আর কোথাও নাই রে মা।

বাবার কথার শুনে এই প্রথম প্রতিমা দোটানায় পড়ে যা। বাবা ভেঙ্গে যাওয়া ঘর আর মজবুত করে গড়ে তুলছেন। কি করবে এখন বুঝতে পারে না প্রতিমা। দুপুরে দাওয়ার মাদুর পেতে একটু বিশ্রাম নিতে গিয়ে ঘুমিয়ে পড়ে। ঘুমেই মধ্যেই আবোলতাবোল স্বপ্ন দেখে। দেখে এ বাড়ীর পূর্বপুরুষ, পুরুষ, রমণী সব একযোগে সমবেত সঙ্গীতের মতো সুর করে প্রতিমাকে বলছে, বৌমা, আমাদের এখানে একা ফেলে তুমি যেও না।

প্রতিমা স্বপ্নে দেখে, সারিবদ্ধভাবে দাঁড়ানো বিচিত্র পোশাকপরা সমবেত সকলে কোরাসের মতো বলছে, দাসবাড়ীর চিহ্ন তুমি মুছে দিও না. বৌমা, এ বাড়ী তুমি বিক্রী হতে দিও না। ঘুম থেকে জেগে ওঠে প্রতিমা। সমস্ গা ঘামে ভিজে গেছে। কখন দুপুর গড়িয়ে বিকেল এসেছে টেরও পায়নি প্রতিমা।

পুত্র তাপসের কলেজ থে+ক ফেরার সময় হলো। এখনও ফিরছে না কেন তাপস? দিনকাল ভাল না। প্রতিমা উৎকণ্ঠিত হয়।

এমন সময় হৈ চৈ করতে করতে তাপস কলেজ থেকে ফেরে। সঙ্গে বন্ধু মকবুল। তাপস ধপাস করে খাতা বই রেখেই আবদারের সূরে মায়ের গলা জড়িয়ে ধরে-মা, আজ কলেজ থেকে ফেরা পথে মকবুলদের বাড়ী থেকে খেয়েই এলাম। খালা কিছুতেই ছাড়লেন না। বললেন, বাছা খেয়েই যা। মুরগীর মাংস, ভাত আর খেজুরের রসের পায়েস। কি চমৎকার রান্না করেছেন খালা তোমাকে যে কি বলবো মা, এই দেখো, এই বাটিতে বাবার জন্যে পায়েস পাঠিয়েছেন খালা। বাবা খুব পায়েস পছন্দ করেতো তাই।

দু'চোখ ছলছল করে ওঠে প্রতিমার। এখনও ভালবাসার বোধহয় মরে যায়নি। প্রতিমা ছেলের কথায় কিছু বলে না।

একবার মকবুলের মুখে দিকে, একবার তাপসের মুখের দিকে তাকায়। দুটি মুখ প্রতিমার কাছে সমান মনে হয়।

তাপস আর মকবুল হাত ধরাধরি করে বেরিয়ে যায়। আকাশের সিঁড়ি বেয়ে একপা দু'পা করে সন্ধ্যা নামে।

পাশে মসজিদ হতে আযানের সুর ভেসে আসে। প্রতিমার তুলসী তলায় প্রদীপ দিয়ে উপুড় হয়ে প্রণাম করে।

অব্যক্ত বেদনায় প্রতিমার দু'চোখ ছলছল করে। একটা পরস্পর-বিরোধী দ্বৈতসত্তার দোলাচল নয়, প্রতিমা নিজের মধ্যেই নিজেকে আবিস্কার করে।

না, পারবে না, ও মাটি ছেড়ে চলে যেতে পারবে না প্রতিমা।

Pronab Bhatta was born on January 5, 1950 in Maizdee, Noakhali. He had joined the Bangladesh Revenue Board as a customs officer on 1974 and retired as an Assistant Commissioner of Bangladesh Customs on 2006. Mr. Bhatta was a freedom fighter, president of Noakhali Zilla Chatro League and also was an elected President of Bangladesh Customs Association and Vat for three terms. Bhatta received recognition for his novels and plays. Most of his novel are romantic. Several TV plays written by him including Shirshabindu, Shonar Kankon, Bonyar Chokhe Jol, Shongsar, Priyodorshini and others became popular. Among his novels, Putuler Moto Meye, Preyoshi, Bolo Tumi Kar, Abhimani, Antorey Tumi and Batil are noteworthy. He also wrote the script of the film Wrong Number. Pronab Bhatta breathed his last on September 3, 2007 at Dhaka by a sudden cardiac failure.

This story (Basthovitha. It means Homeland) was written during 1992 and was published in a prominent newspaper of Bangladesh (Daily Ittefaq). This story revolved on a Hindu woman named Protima, who had refused to leave his homeland (Bangladesh). This story emphasized tension between Minority Hindus and Majority Muslims in Bangladesh after the destruction of Babri Mosque in India. In December 1992, Muslim mobs attacked and burnt down Hindus temples, shops and houses across the country (1). An India-Bangladesh cricket match was disrupted when a mob of an estimated 5,000 men tried to storm into the Bangabandhu National Stadium in the national capital of Dhaka, Bangladesh (1). The Dhaka office of Air India was stormed and destroyed (1). Many more Hindu women being raped, and hundreds of Hindu temples and homes were destroyed (1, 2, and 3). The aftermath of the violence forced the Bangladeshi Hindu community to boycott the celebrations of Durga Puja in 1993 while calling for the destroyed temples to be repaired, and investigations be held on the atrocities against Hindus in Bangladesh.

References:

1. "Chronology for Hindus in Bangladesh". UNHCR. Retrieved 2011-04-15
2. Minorities at Risk Project (2004). "Chronology for Hindus in Bangladesh". United Nations High Commissioner for Refugees. Retrieved 2011-12-05.
3. Minority Rights Group International (2008). "World Directory of Minorities and Indigenous Peoples - Bangladesh: Hindus". United Nations High Commissioner for Refugees. Retrieved 2011-12-05.
4. http://www.thedailystar.net/print_post/protection-regime-for-minorities-28826
5. http://www.amnesty.org/en/library/asset/ASA13/006/2001/en/28f655a2-d8b7-11dd-ad8c-f3d4445c118e/asa130062001en.html

ZACK'S SPORT ADVENTURE

Austin Roy Chowdhury



1



2

There was a kid named Zack that liked different sports like ice hockey, basketball and soccer. He wanted to play hockey so he did. The first game he wanted to be goalie so he was. At the end of the game the score was 10-1 final. On the next game he wanted to be defense so he was. This time he was better. The score was 8-4. Then he went home and practiced in the back lane. Then he decided to be offence so he was offence. The next game Zack was offence. This time they finally won 6-5 in overtime. Now he felt like playing basketball and he saw one of his classmates. His name was Kenneth and he was 10 years old. When they were playing Kenneth made a slam


home
Visitors
1
10
00:01

THIS IS EASY

Home
Visitors
5
5
TIME
1:11
OT

3


THUNDER

4

Home
65
Visitors
50
TIME
10:00
2ND
Free throws
4
Free Throws
BECAUSE HE HAD THE BALL
WHY DID YOU DO THAT
24
ZACK
9

5


66
Home
55
Visitors
I'LL TRY
ZACK TRY TO Get THIS IN

6

7



8

dunk. Then somebody tripped Zack and his knee was bleeding so much he got three free throws. All the shots were in. The score was 68-50 in the first half. In the second half the other team let Zack's team make 56 more goals. Zack's team won 122-88. Zack was so good he didn't want to play basketball anymore. So he played soccer. In soccer he played goalie, defense and forward. He wasn't good at any of the positions. Then he quit playing soccer. After that he wanted to play tennis. The first game he lost 6-1, 6-1, 6-4. Then he said "tennis is so hard because you have to go backward and forward and side to side" so he quit. Then he wanted to relax and he did by watching TV.

Special Contribution from Our Community Member

Elzear Goulet Memorial Park, Winnipeg, Canada

Goulet, being a cohort of Louis Riel, was killed by a group of angry soldiers who pelted him with stones as he tried to swim across the Red River from Winnipeg to St. Boniface. One of the stones hit his head. Goulet lost conscience and subsequently drowned.

The Goulet story is interpreted in plaques and interpretive art in the park.

The perpetrators were never charged, possibly for fear of more troubles of the same kind. To remember this tragic fact in Canada's history, a Memorial Park has been created at the very same spot where Goulet drowned 138 years ago on September 13th.

Elzear Goulet Memorial Park

McGOWAN·RUSSELL

McGowan Russell Group
825 Rue Saint Joseph
Winnipeg, MB R2H 0A8
1-204-956-0396

Prachi Dey
Current working as a Park Infrastructure Planner with Government of Manitoba

SHRUTI
10-08-14
Shruti Mukerji

Abhishek Chakraborty
Grade 9
Acrylic Paint


4
TRANSFORMERS
DECEPTICONS
AUTOBOTS
BUMBLEBEE
OPTIMUS PRIME
AGE
OF
EXTINCTION
Aninda Saha
2014

Sept 21st
2014
Prothoma

ANNA
ANNA

ARNAB MANDAL

SOURAV


Spreeha

PBF
BY:
AYSHANI
MUKERJI
9 SEPT. 2014

Ryma Dey

Soutri

Photo Gallery



ARGENTINA

CANADA
BRASIL
CANADA

CANADA

ALTEC

BICHITRA

BENGALI ASSOCIATION OF MANITOBA INC.
FOUNDED 1978

BICHITRA

BICHITRA MEMBER DIRECTORY 2014

Sr. No	Surname	First Name	Spouse	Children	Address	Postal Code	Phone
1	Adhikari	Prasant			63 Baldry Bay	R3T 3C5	269-1468
2	Alam	Ashraful	Jesmen	Tanvwer	77 Langley Bay	R3T 6C8	269-5544
3	Bal	Makhan	Krishna	Shivani, Shibashis, Shomit	145 Edward Ave. East	R2C 0V9	222-3993
4	Banerji	Ashish	Debjani	Kunal, Otto	6 Elk Place	R7B 3B7	571-0859
5	Banerji	Santanu	Versha	Naina, Akash, Rani	203 Grenbell Blvd	R3P 0B8	
6	Bankar	Gaurav	Rukmini		77 University Cres.	R3T 3N8	504-0233
7	Basu	Saibal	Sujata	Sachin, Snehel	56 Raphael Street	R3T 2R4	275-5606
8	Bhatta	Shapath	Mousumi	Prothoma	1067 Parker Avenue	R3T 0T3	772-6812
9	Bhattacharya	Samir K.			27 Bigstone Place	R3Y 0G1	417-1920
10	Biswas	Late Shibdas	Sumita	Papiya, Mauha	605 - 1710 Portage Ave.	R3J 0E2	257-7952
11	Banik	Sakti Prashad	Ratna	Anindita, Hrishikesh, Shatabdi	210-99 Dalhousie Drive	R3T 3M2	809-6274
12	Banik	Rajib	Trisha		1344 Lee Blvd	R3T 6E2	221-9692
13	Banik	Surjya	Mitali	Anannya, Upoma	1344 Lee Blvd	R3T 6E2	221-9692
14	Chaudhuri	Abhijit	Sadhana		103 - 2080 Pembina Highway	R3T 2G9	417-0373
15	Choudhuri		Biswajit	Cauvery Chitrangada	2080 Pembina Highway	R3T 2G9	416-4566
16	Choudhuri	Atunu	Debjani	Soumya, Trisha	403 - 400 Tache Avenue	R2H 3C3	891-6245
17	Chowdhury	Biswajit			318 - 765 Notredam Ave	R3E 0M2	960-1982
18	Das	Radha M.	Subha	Ratna	67 McGill Place	R3T 2Y6	269-7249
19	Das	Swadesh Chandra	Nilima Rani	Pinki, Susmith	5 -145 Mayfair Avenue	R3L 0A1	417-9962
20	Das	Dip Kumar	Srabani	Subarna	34 Humber Road	R2J 1L6	298-4005
21	Das	Bibhu	Sati	Borno	1641-360 Cumberland	R2J 2X6	944-1001
22	Deb	Apurba	Lipi	Mrittika, Moinak	31 Colwick Cove	R3T 5L4	417-1798
23	Deb	Mridul	Jolly	Anamika, Shaon	106 Laval Drive	R3T 2X7	599-0740
24	Dey	Asit	Prachi	Ryma, Raul	2 Brookstone Place	R3Y 0C4	219-8969
25	Dey	Bishnu Ranjan	Bipasha	Ipshita, Ishani	161 Blue Water Crescent	R2J 2X6	951-7675
26	Dharchowdhury	Parnali	Debjit		1750 Pembina Hwy	R3T 4J5	290-4723
27	Dhadral	Lily	Suraj Kumar	Ishan, Gunjita	612 Avila Avenue,	R3T 3A4	504-6463

Sr. No	Surname	First Name	Spouse	Children	Address	Postal Code	Phone
28	Dhar	Debasish	Shanta	Anubav, Anushka	118 Amersham Cres	R2N 3H2	421-4455
29	Dutta	Shovan	Elora	Spreeha	173 Bretlawn Boulevard		415-1696
30	Fonseca	Rory			78 Thatcher Drive	R3T 2L5	269-4937
31	Garai	Soumendu	Ajita	Purbasha	102-1305 Taylor Ave	R3T 2K6	396-2201
32	Ghosh	Late Chitta	Archana	Niel, Rita, Sudeshna	631 Grierson Ave	R3T 2S3	261-3557
33	Ghosh	Prabal	Swati	Celina	1151 Fairfield Ave	R3T 2R3	269-3075
34	Ghosh	Subhankar	Triparna		194 St. Micheal Rd	R3M 2K9	296-0396
35	Guha	Tuhin	Munmun		35-59 University Cresent	R3T 2N5	509-1171
36	Ganguli	Pallab	Rina	Riya, Risi	103 Marine Drive	R2N 0E1	504-4021
37	Malakar	Kamal	Baljit K.	Sarmila	1614 Chancellor Drive	R3T 4B9	261-7010
38	Mallick	Kiron	Laksmi	Tulip, Late Andrew	16-1 Waterfront Rd	R3X 1V1	221-6631
39	Mandal	Bibhuti			A8 - 281 River Avenue	R3LOB7	783-2292
40	Mandal	Saumen	Shampa	Arnab, Sourab	404 Kirkbridge Drive	R3T 5R4	261-8645
41	Majumdar	Pijush	Arpita	Ayush	71 Augusta Drive	R3T 4N6	261-8917
42	Mitra	Prabir	Kalpana	Bobby, Debbie	62 Bethune Way	R2M 5J3	256-0081
43	Mukerji	Ayan	Shruti	Ayshani	123 St. Michael Road	R2M 2L1	999-3382
44	Mukherjee	Shalini	Shankar		7-1515 Pembina Hwy	R3T 2E4	952-9869
45	Mukherjee	Kajal	Krishna	Gopal	1201-253 Edgeland Blvd	R3T 5T1	487-1820
46	Mukherjee	Debasish	Tanushree	Gaurabh	654 Park Ave,	R0E 0C0	268-1593
47	Das Munna	Subroto	Manjusree		25 Paddington Road	R2N 1K2	963-7164
48	Nath	Upul	Lipika		31 Twickenhan Circle		504-2455
49	Pal Chowdhury	Kiriti	Srabani	Teena	3 Celtic Bay	R3T 2W8	261-9527
50	Pandey	Anita	Ajay	Ayusha, Anish	7 Marvan Cove	R2N 0C7	453-2282
51	Param	Siddharaj	Shibani Bal		23 Dawnville Dr	R3W 1C6	
52	Podder	Nobarub	Bappy		1910-360 Cumberland	R3B 1T4	881-8485
53	Roy	Gaurisankar	Ratna	Neilloy, Rajarshi	35 East Lake Drve	R3T 4T5	261-0672
54	Roy	Late Ashim	Jaya		710-965 Inverhouse Dr. ON	L5J 4B4	855-5063
55	Roy	Pranab	Manju	Rupa, Ronjan	59 St. Michael Road	R2M 2K7	257-6601
56	Roy	Pradip	Labone	Ayush	35 Draho Crescent	R2N 4H1	951-5617
57	Roy	Priyo Debnath					
58	Roy	Dimple	Nigel		61 Inkster Blvd	R2W 0J3	282-1750
59	Roy	Kajal	Rupa		1108-316 Cumberland	R2B 2K5	881-4572
60	Roy Chowdhury	Subir	Karabi (Rimi)	Austin	752 Ashworth St. South	R2N 4C3	221-6951
61	Saha	Bhaskar	Mimi	Aninda	14 Kennington Bay	R2N 2L4	284-0834
62	Saha	Ranjan	Sayani		3 Brixton Bay	R2N 2R1	415-6170
63	Sarkar	Suman	Ratri		3 Brixton Bay	R2N 2R1	772-3342

Sr. No	Surname	First Name	Spouse	Children	Address	Postal Code	Phone
64	Sarkar	Ashok	Tuntun	Rahul, Rinku	6-460 Lindenwoods Dr. W.	R3P 0Y1	488-6643
65	Sarkar	Joykrishna	Debjani	Joshita. Joshmita	233 Southglen Blvd	R2N 3K3	951-6234
66	Satpathy	Purna Chandra	Alpana Verma	Swayam	63 Wiltshire Bay	R2J 2I6	509-0235
67	Selvana-than	Nandita	Murugan	Ashish, Anurag	289 Bowman Ave.	R2K 1P1	942-3261
68	Sengupta	Atanu	Sanjukta	Kunal	704-1660 Pembina Hwy	R3T 2G2	480-7382
69	Shome	Subhrakam	Jaba	Devarshi, Tanajee	10 Celtic Bay	R3T 2W9	261-6348
70	Sinha	Late Ranen	Luella	Mala, Jay	582 Queenston Street	R3N 0X3	489-8635
71	Sinha	Sachidananda	Meera	Sunil, Samir	116 Victoria Cres.	R2M 1X4	253-9921
72	Sharma-charya	Ratan	Sumita	Aahana	110-1202 North Galloway Dr, Regina	S4X 0K6	

Executive Committee 2014-2015

President..	Bhaskar Saha
Vice-President..	Ajay Pandey
General Secretary...	Karabi Roy Chowdhury
Treasurer	Mousumi Bhatta
Cultural Secretary	Asit Dey
Publication Secretary...	Ranjan Kumar Saha
Food Secretary	Dip Das
Member - At - Large..	Surjya Banik
Member - At - Large..	Triparna Lahiri

Durga Puja Committee 2014

Chairperson	Subir Roy Chowdhury
Priest................................ ...	Venkata Machiraju
Puja Arrangements………….	Manju Roy, Anita Pandey, Mimi Saha, Lily Dhardal, and Karabi Roy Chowdhury
Cultural and Entertainment..	Krishna Bal and Asit Dey
Puja Bhog…………………...	Shruti Mukherji, Rina Ganguli, Srabani Das, and Karabi Roy Chow-dhury
Puja Collections…………….	Purna Sapathy, Ajay Pandey, Suraj Dhadral, Bhaskar Saha, Mousumi Bhatta and Sumita Biswas
Decorations…………………..	Ayan Mukherji, Ranjan Saha, Tuhin Guha, Apurba Deb, Surjya Banik, Rajib Banik, Shapath Bhatta, Abhijit Chaudhuri, Biswajit Chowdhuri, Probal Ghosh, Joy Khrishna Sarkar, Bhaskar Saha, and Asit Dey
Food Committee……………..	Ajay Pandey, Dip Kumar Das, Pijush Majumdar, Gaurav Banker, Subankar Ghosh, Swadesh Chandra Das, Debasish Dhar, and Su-man Sarkar

Advertisement Index

* Warraich Meat 2
* Chhina Law Office 3
* Purna Satpathy... 4
* Meghna Grocery & Video... 4
* Ram Paul Realtor 5
* India Spice House 5
* India Place.. 6
* Bergie’s Convenience Store 7
* Quick Travel & Krinu Driving School 8
* East Indian Cuisine... 8
* Ivory Restaurant 75
* Royal Punjab Sweet House…………………………………………. 76

Vote of Thanks

Our Sincere Thanks To:

1. The Hindu Society of Manitoba for providing the temple facilities for Durga Puja.
2. Mr. Venkata Machiraju for Performing Durga Puja.
3. Subir Roy Chowdhury, Neil Ghosh, Sayani Roy, Suman Sarkar, and Bhaskar Saha for their enormous help to prepare Agomoni 2014.
4. All those who contributed their literally work and artwork to this year’s Agomoni publication.
5. The members of Bichitra for their participation and generous donations.
6. All advertisers for their support and sponsors.

ivory
RESTAURANT
Now Under New Management
SERVICE AND QUALITY FOOD
IS OUR PRIOIRITY
Please Call us for your catering needs!
We specialize in catering Indian Weddings, Conferences,
Birthday Parties, Engagements and much more!
200 Main St, Winnipeg, MB ‣ (204) 944-1600

East Indian Cuisine and Sweets

Royal Punjab
Sweet House & Restaurant

Dine In, Take Out
Catering
Birthday Parties
Special Occasions
Freshly Made Sweets
Special-Samosas
$6 Dozen (Takeout Only)
Phone 204.261.1600

2790 Pembina Hwy Winnipeg MB R3T 2H8

Serving Winnipeg from Last 11 years with the Best Sweets and Indian food, Punjab Sweets now welcomes you at Royal Punjab Sweet House & Restaurant

PUNJAB

BANQUET HALL AND RESTAURANT

Weddings Receptions
Engagements
Birthday Parties
& All Other Occasions

For Booking Please Call Gurtej Malhi or Ravinder Buttar

94 Mandalay Drive Wpg. Ph.775.1600 Shop 633.1600
punjabbanquethall.ca punjabbanquethall@hotmail.com